বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়

# সেবা ও কল্যাণ কার্যক্রম

হটলাইন-১৬১০৯

১ম ১২তলা সরকারি অফিস ভবন
সেগুনবাগিচা, ঢাকা
www.bkkb.gov.bd

# সেবা ও কল্যাণ কার্যক্রমসমূহ

## বোর্ডের সেবাসমূহ:

১. মাসিক কল্যাণ অনুদান
২. যৌথবীমা অনুদান
৩. দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান
৪. জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান
৫. সাধারণ চিকিৎসা অনুদান
৬. শিক্ষাবৃত্তি অনুদান
৭. স্টাফবাস সার্ভিস
৮. কারিগরি প্রশিক্ষণ
৯. কমিউনিটি সেন্টার ভাড়া প্রদান
১০. ক্লাব/কমিউনিটি সেন্টার স্থাপন/মেরামত/পরিচালনার জন্য বার্ষিক অনুদান
১১. কর্মকর্তা/কর্মচারী ও তাঁদের সন্তানদের জন্য বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন
১২. হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে কল্যাণডেস্ক সেবা
১৩. বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের জন্য কর্তৃপক্ষের সাথে পত্র যোগাযোগ
১৪. সার্কিট হাউজের কক্ষ ব্যবহারের জন্য কর্তৃপক্ষের সাথে পত্র যোগাযোগ

## "পরিবার" অর্থ

**(বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ এর ২(ছ) ধারা)**

(অ) কর্মচারী পুরুষ হলে, তাঁর স্ত্রী বা স্ত্রীগণ এবং কর্মচারী মহিলা হলে, তাঁর স্বামী

(আ) কর্মচারীর সাথে একত্রে বসবাসরত এবং তাঁর ওপর সম্পূর্ণ নির্ভরশীল সন্তান-সন্ততিগণ, পিতা, মাতা, দত্তক পুত্র (হিন্দু কর্মচারীদের ক্ষেত্রে), নাবালক ভাই এবং অবিবাহিতা, তালাকপ্রাপ্তা বা বিধবা বোন।

## সেবাগ্রহীতা:

সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত/অক্ষম/অবসরপ্রাপ্ত/মৃত কর্মকর্তা-কর্মচারী এবং তাঁদের পরিবারের নির্ভরশীল সদস্যগণ।

## বোর্ডের ই-সেবাসমূহ:

১. সাধারণ চিকিৎসা অনুদান
২. জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান
৩. শিক্ষাবৃত্তি অনুদান
৪. মাসিক কল্যাণ অনুদান
৫. যৌথবীমা অনুদান
৬. দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান
৭. স্টাফবাস ই-টিকেটিং

## সাধারণ চিকিৎসা অনুদান

- **আবেদনের লিংক: https://eservice.bkkb.gov.bd/general**
- **অনুদানের প্রাপ্যতা:** সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারী নিজে আমৃত্যু এবং কর্মচারীর বয়স ৭৫ বছর পর্যন্ত তাঁর পরিবারের নির্ভরশীল সদস্যগণ এ অনুদান প্রাপ্য হবেন।
- **অনুদানের পরিমাণ:** প্রতি বর্ষপঞ্জিতে একবার সর্বোচ্চ ৬০,০০০/- টাকা।
- **আবেদন করার পদ্ধতি:** অনলাইনে আবেদন দাখিলের পর আবেদন ফরমটি ডাউনলোডপূর্বক প্রিন্ট করে আবেদনকারীর স্বাক্ষর, অফিস কর্তৃপক্ষের স্বাক্ষর, সীল, স্মারক নং, তারিখ উল্লেখপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রধান কার্যালয়ের ক্ষেত্রে মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এবং বিভাগীয় কার্যালয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক বরাবর অগ্রায়নপত্রের মাধ্যমে প্রেরণ করতে হয়।
- **প্রয়োজনীয় কাগজপত্র:**
  ১. ডাক্তারি ব্যবস্থাপত্র এবং টেস্ট রিপোর্ট অফিস কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত
  ২. চিকিৎসা সংক্রান্ত মূল বিল ও ঔষধ ক্রয়ের মূল ভাউচার অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত
  ৩. ক্লিনিক বা হাসপাতালে ভর্তি হয়ে থাকলে ক্লিনিক বা হাসপাতালের মূল ছাড়পত্র অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত

৪. ভাই, বোন, পিতা, মাতার ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রদত্ত নির্ভরশীলতার প্রত্যয়নপত্র
৫. আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত চিকিৎসা সংক্রান্ত খরচের হিসাববিবরণী
৬. এমআইসিআর চেকের পাতার সত্যায়িত ফটোকপি
৭. অবসরপ্রাপ্তদের ক্ষেত্রে অবসরের আদেশের কপি

## জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান

- **আবেদনের লিংক:** https://eservice.bkkb.gov.bd/complex
- **অনুদানের প্রাপ্যতা:** কর্মরত/পিআরএল ভোগরত সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তা/কর্মচারীর নিজের চিকিৎসার জন্য এক বা একাধিকবারে সর্বোচ্চ ৩ (তিন) লাখ টাকা আর্থিক অনুদান কেন্দ্রীয়ভাবে প্রধান কার্যালয় হতে প্রদান করা হয়।
- **জটিল ও ব্যয়বহুল রোগসমূহ:** ক্যান্সার, হৃদরোগ, কিডনি-ব্যাধি, হেপাটাইটিস, ডায়াবেটিস-মেলিটাস, পক্ষাঘাত, বক্ষব্যাধি, কৃত্রিম অঙ্গপ্রত্যঙ্গ-সংযোজন সংক্রান্ত রোগ ও দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত হওয়া এবং এ সংক্রান্ত বিশেষজ্ঞ কমিটি কর্তৃক চিহ্নিত যে কোন রোগ।
- **আবেদন করার পদ্ধতি:** অনলাইনে আবেদন দাখিলের পর আবেদন ফরমটি ডাউনলোডপূর্বক প্রিন্ট করে চিকিৎসা প্রদানকারী বিশেষজ্ঞ চিকিৎসকের প্রত্যয়ন (স্বাক্ষর ও সীল), অফিস কর্তৃপক্ষের স্বাক্ষর, সীল, স্মারক নম্বর ও তারিখ উল্লেখপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রতিস্বাক্ষরান্তে সংযুক্ত করে আবেদনের হার্ডকপি মহাপরিচালক(সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড বরাবর অগ্রায়নপত্রের মাধ্যমে প্রেরণ করতে হয়।
- **প্রয়োজনীয় কাগজপত্র:**
  ১. হাসপাতালে ভর্তি হয়ে থাকলে মূল ছাড়পত্র অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত
  ২. চিকিৎসা সংক্রান্ত বিল ভাউচার এর মূলকপি অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত
  ৩. চিকিৎসা সংক্রান্ত ব্যবস্থাপত্র ও রিপোর্ট অফিস কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত
  ৪. কর্মচারী কর্তৃক স্বাক্ষরিত চিকিৎসাসংক্রান্ত খরচের হিসাববিবরণী
  ৫. এমআইসিআর চেকের পাতার সত্যায়িত ফটোকপি

**[১৯ আগস্ট, ২০২৫ এর পূর্বের চিকিৎসার জন্য অনুদান পূর্বের হারে এবং ১৯ আগস্ট, ২০২৫ তারিখ বা এর পরবর্তী সময়ে চিকিৎসার জন্য অনুদান পুন:নির্ধারিত হারে প্রাপ্য হবেন]**

## শিক্ষাবৃত্তি অনুদান

- **আবেদনের লিংক:** http://eservice.bkkb.gov.bd
- **অনুদানের প্রাপ্যতা:**
  - প্রজাতন্ত্রের ১৩-২০ গ্রেডের কর্মরত ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারীদের অনধিক দু'সন্তানকে ৬ষ্ঠ শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নের জন্য বছরে একবার শিক্ষাবৃত্তি প্রদান করা হয়
  - মৃত/অক্ষম/অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর অনধিক দু'সন্তানকে নবম শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নের জন্য বছরে একবার নির্দিষ্ট হারে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়
- **শিক্ষাবৃত্তির হার:** প্রতি বছর অনলাইনে প্রাপ্ত আবেদনের মধ্যে শ্রেণিভিত্তিক যোগ্য ছাত্রছাত্রীর সংখ্যা এবং বরাদ্দকৃত অর্থ অনুপাতে শিক্ষাবৃত্তির হার নির্ধারণ
- **আবেদন করার পদ্ধতি:** অনলাইনে আবেদন ফরম পূরণ, ফরমে আবেদনকারীর স্বাক্ষর, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল, স্মারক নম্বর ও তারিখ সম্বলিত ফরমের স্ক্যান কপি ও প্রয়োজনীয় সংযুক্তি অনলাইনে আপলোডপূর্বক আবেদন চূড়ান্ত দাখিল করতে হবে।
- **যে সমস্ত কাগজপত্র আপলোড করতে হয়:**
  ১. ছাত্র/ছাত্রী পূর্ববর্তী বছরে যে পরীক্ষায় পাস করেছে তার মার্কশীটের সত্যায়িত স্ক্যান কপি
  ২. অনলাইনে পূরণকৃত আবেদনের স্বাক্ষরিত স্ক্যান কপি
  ৩. অবসরপ্রাপ্ত কর্মচারীদের ক্ষেত্রে অবসরের আদেশ এবং মৃত কর্মচারীদে ক্ষেত্রে মৃত্যু সনদের সত্যায়িত স্ক্যান কপি

## কল্যাণ, যৌথবীমা ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান (১টি আবেদনে ৩টি সেবা)

- আবেদনের লিংক: https://welfare.bkkb.gov.bd
- অনুদানের প্রাপ্যতা:
  - কল্যাণ অনুদান:
    - চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে সর্বোচ্চ ১৫ বছর অথবা কর্মচারীর বয়স ৬৯ বছর পর্যন্ত যা আগে আসে
    - স্বাভাবিক অবসরের পর মৃত্যুবরণ করলে সর্বোচ্চ ১০ বছর অথবা কর্মচারীর বয়স ৬৯ বছর পর্যন্ত যা আগে আসে
    - অক্ষমতাজনিত অবসরের ক্ষেত্রে সর্বোচ্চ ১৫ বছর অথবা কর্মচারীর বয়স ৬৯ বছর পর্যন্ত যা আগে আসে
  - যৌথবীমা অনুদান:
    - চাকরিরত/পিআরএল ভোগরত অবস্থায় কোনো কর্মচারী মৃত্যুবরণ করলে কর্মচারীর পরিবার এ অনুদান প্রাপ্য হবেন
  - দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান:
    - সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারী ৭৫ বছর বয়সের মধ্যে মৃত্যুবরণ করলে এ অনুদান প্রাপ্য হবেন
    - কর্মচারীর ৭৫ বছর বয়সের মধ্যে পরিবারের নির্ভরশীল সদস্যের মৃত্যুতে এ অনুদান প্রাপ্য হবেন
- অনুদানের পরিমাণ:
  - কল্যাণ অনুদান: মাসিক ৩,০০০/- [কর্মচারী ১৯ আগস্ট, ২০২৫ এর পূর্বে মৃত্যুবরণ করলে মাসিক ২,০০০/- টাকা]
  - যৌথবীমা: ৩,০০,০০০/- [কর্মচারী ১৯ আগস্ট, ২০২৫ এর পূর্বে মৃত্যুবরণ করলে ২ লাখ টাকা]
  - দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া:
    - কর্মচারীর নিজের মৃত্যুতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) [কর্মচারী ১৯ আগস্ট, ২০২৫ এর পূর্বে মৃত্যুবরণ করলে ৩০ হাজার টাকা]
    - পরিবারের সদস্যের মৃত্যুতে ২০,০০০/- (বিশ হাজার টাকা) [১৯ আগস্ট, ২০২৫ এর পূর্বে মৃত্যুতে ১০ হাজার টাকা]

### নির্ভরশীলদের বয়সসীমা (কল্যাণ, যৌথবীমা ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদানের ক্ষেত্রে)

- পুত্র সন্তান ও অবিবাহিত কন্যা সন্তানের বয়সসীমা ২৫ বছর
- নাবালক ভাই/বোনের বয়সসীমা ১৮ বছর
- তালাকপ্রাপ্তা/বিধবা কন্যা/বোন যে কোন বয়সে
- বিশেষ চাহিদাসম্পন্ন সন্তান দৈহিক বা মানসিক অক্ষমতার কারণে স্থায়ীভাবে কর্মক্ষমতাহীন হলে যে কোন বয়স

- **প্রয়োজনীয় কাগজপত্রাদি :**
  - **অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত:**
    ১. স্থানীয় ইউ.পি. চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত ওয়ারিশান সনদ
    ২. স্থানীয় ইউ.পি.চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত ওয়ারিশগণের ক্ষমতাপত্র
    ৩. পরিবারের সদস্যের মৃত্যুর ক্ষেত্রে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদানের জন্য ইউ. পি. চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত নির্ভরশীলতার সনদ
    ৪. স্বামী/স্ত্রীর বয়স অনূর্ধ্ব ৫০ বছর পর্যন্ত পুনরায় বিবাহ না হওয়ার এবং কন্যা ও ভগ্নির ক্ষেত্রে বিবাহ না হওয়ার সনদ স্থানীয় ইউ.পি চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত
    ৫. আবেদনকারী নির্ভরশীল সদস্য হলে ইউ. পি. চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত নির্ভরশীলতার সনদ
  - **অফিস কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত:**
    ১. স্থানীয় ইউ.পি. চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত অনলাইন মৃত্যু সনদ
    ২. অবসরের অফিস আদেশ

৪. আবেদনকারীর এম.আই.সি.আর. চেকের পাতা
৫. কর্মচারীর মৃত্যুর পর আবেদন দাখিলে ৬ মাসের অধিক বিলম্ব হলে অফিস কর্তৃপক্ষের মাধ্যমে বিলম্বের ব্যাখ্যা প্রদান
৬. তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে চাকরি বহির ৩য় পৃষ্ঠা/এস.এস.সি সনদ
৭. মুক্তিযোদ্ধা সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)
৮. **এলপিসি/ইএলপিসি:** কর্মরত অবস্থায় মৃত্যুর ক্ষেত্রে শেষ বেতনের সনদ (এলপিসি) এবং অবসরপ্রাপ্ত অবস্থায় মৃত্যুর ক্ষেত্রে প্রত্যাশিত শেষ বেতনের সনদ (ইএলপিসি), আয়ন-ব্যয়ন কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা (এজি) কর্তৃক প্রতিস্বাক্ষরিত কপি অবশ্যই সংযুক্ত করতে হবে

## স্টাফবাস সেবা

- **অধিক্ষেত্র:** ঢাকা মহানগরী ও বিভাগীয় পর্যায়ে চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও জেলা পর্যায়ে রাঙ্গামাটিতে কর্মচারীদের অফিসে যাতায়াতের জন্য স্টাফবাস সার্ভিস পরিচালনা করা হচ্ছে।
- **আবেদনের লিংক:** **https://eservice.bkkb.gov.bd/eticketing**
- **ভাড়া পরিশোধ পদ্ধতি:** অনলাইনে নগদ অ্যাপ এর মাধ্যমে
- **বাসের সংখ্যা:** মোট বাস ৯১টি
- **বাসের ভাড়া:** বড় বাস-০.৬২৫ টাকা/কিলোমিটার, মিনিবাস-১.২৫ টাকা/কিলোমিটার
- **যাতায়াতকারী কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা:** প্রায় ৭,০০০ জন






## আবেদন ট্র্যাকিং

স্বয়ংসম্পূর্ণ আবেদনের হার্ড কপি বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে গৃহীত হলে আবেদনকারী তাঁর মোবাইল ফোনে আবেদন গ্রহণের ডায়েরি নম্বর ও তারিখ সম্বলিত একটি ক্ষুদেবার্তা পাবেন এবং পরবর্তীতে অনলাইনে লগইন করে আবেদনের অবস্থা সম্পর্কে জানতে পারবেন।

# স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে গৃহীত পদক্ষেপসমূহ

- **Employee Verification:**

  **iBAS++** এর **API Link** ব্যবহার করে কর্মচারীর সঠিকতা যাচাই ও আবেদনের দ্বৈততা পরীক্ষা করা হচ্ছে।

- **ক্ষুদেবার্তা (SMS) প্রদানের মাধ্যমে সেবাপ্রার্থীকে অবহিতকরণ:**
  - আবেদনের ট্র্যাকিং নম্বর ও তারিখ জানিয়ে দেয়া
  - আবেদনে কোন আপত্তি/ত্রুটি থাকলে তা জানানো এবং
  - আবেদন অনুমোদনের বিষয়টি এবং অনুদানের পরিমাণ জানিয়ে দেয়া

- **সেবার মঞ্জুরিকৃত অর্থ EFT এর মাধ্যমে প্রেরণ:**

  সকল অনুদানের অর্থ সেবাপ্রার্থীর ব্যাংক হিসাবে EFT এর মাধ্যমে প্রেরণ করা হচ্ছে। এতে আর্থিক শৃঙ্খলা বৃদ্ধি পেয়েছে এবং সেবাপ্রার্থীর সময়, খরচ ও যাতায়াত (TCV) কমেছে।

# ইনোভেশন উদ্যোগ ২০২৫ বাস্তবায়নের সুফল
## সেবার নাম: "মাসিক কল্যাণ অনুদান"

| | | |
|---|---|---|
| সমন্বিত ও স্বয়ংক্রিয় (Automated/System generated) | : | কল্যাণ অনুদান অনুমোদনের সাথে সাথেই সফটওয়্যার থেকে স্বয়ংক্রিয়ভাবে সেবাগ্রহীতার তথ্যসম্বলিত আদেশ জারি |
| আন্তঃসংযুক্ত (Inter-connected) | : | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ibas++ ও সোনালী ব্যাংকের মধ্যে API Link ব্যবহার করে ডাটা শেয়ারিং |
| আন্তঃচালিত (Inter-operable) | : | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ও সোনালী ব্যাংকের মধ্যে API Link ব্যবহার করে ডাটা শেয়ারিং ও Real Time Transaction Report প্রাপ্তি |
| কাগজবিহীন (Paper less) অফিস বাস্তবায়নে সহায়ক ভূমিকা | : | আদেশনামা কার্ড প্রিন্ট করার প্রয়োজন হচ্ছেনা, সেবাগ্রহীতাগণকে ১৫ বছরব্যাপি আদেশনামা কার্ড সংরক্ষণ করতে হচ্ছে না, নিজ প্রোফাইল থেকে যে কোন সময় দেখতে পারছেন |
| Cashless ট্রানজেকশন বাস্তবায়ন | : | অনুদানের অর্থ Online Transfer এর মাধ্যমে সেবাগ্রহীতার ব্যাংক হিসাবে প্রেরণ করা হচ্ছে। ফলে সেবাগ্রহীতাগণ সুবিধাজনক সময়ে সহজে টাকা উত্তোলন করতে পারছেন |

## বোর্ডের অন্যান্য সেবা :

### কারিগরি প্রশিক্ষণ

- প্রশিক্ষণের প্রাপ্যতা: সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারীগণের পরিবারের নির্ভরশীল সদস্যগণ
- কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র: মতিঝিল, ঢাকা এবং বিভাগীয় পর্যায়ে চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল
- **প্রশিক্ষণ কোর্সের নাম, মেয়াদকাল ও কোর্স ফি:**

| কোর্সের নাম | মেয়াদ কাল | কোর্স ফি |
|---|---|---|
| কম্পিউটার ব্যাসিক কোর্স, কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন, কনফেকশনারি, বিউটিফিকেশন | ৩ (তিন) মাস | ১০০০/- |
| ফ্যাশন ডিজাইন, কাটিং ও সেলাই, ব্লক-বাটিক, এমব্রয়ডারি, ক্যাটারিং | ৩ (তিন) মাস | ৫০০/- |
| সেক্রেটারিয়েল সাইন্স (বাংলা ও ইংরেজি) | ৬ (ছয়) মাস | ৫০০/- |





### কমিউনিটি সেন্টার ভাড়া

বোর্ডের প্রধান কার্যালয়ের অধীনে মতিঝিলে একটি কমিউনিটি সেন্টার রয়েছে। উক্ত কমিউনিটি সেন্টারটি বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে ব্যবহারের জন্য আবেদনের প্রেক্ষিতে সরকার নির্ধারিত হারে ভাড়া প্রদান করা হয়। এছাড়া বিভাগীয় কার্যালয়, রাজশাহীতে কমিউনিটি সেন্টার রয়েছে।

| কমিউনিটি সেন্টারের নাম | সরকারি পর্যায় (একবেলা) সকাল ১১.০০-বিকাল ৪.০০ টা সন্ধ্যা ৬.০০-রাত ১১.০০ টা | বেসরকারি পর্যায় (একবেলা) সকাল ১১.০০-বিকাল ৪.০০ টা সন্ধ্যা ৬.০০-রাত ১১.০০ টা |
|---|---|---|
| মতিঝিল কমিউনিটি সেন্টার (মতিঝিল আইডিয়াল স্কুলের বিপরীতে) | টাঃ ১৮,৭০০/- (ভ্যাট ও ক্লিনিং চার্জসহ) | টাঃ ২৪,৪৫০/- (ভ্যাট ও ক্লিনিং চার্জসহ) |
| বিভাগীয় কার্যালয়, রাজশাহী কমিউনিটি সেন্টার | টাঃ ১০,৬৫০/- (ভ্যাট ও ক্লিনিং চার্জসহ) | টাঃ ১২,৯৫০/- (ভ্যাট ও ক্লিনিং চার্জসহ) |

## বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

- ঢাকা মহানগরী ও বিভাগীয় পর্যায়ে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহে প্রতি বছর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।
- কর্মরত সরকারি কর্মকর্তা/কর্মচারীদের দ্বারা পরিচালিত ক্লাব এর সদস্য সরকারি কর্মচারী ও তাঁদের সন্তানগণ বিভিন্ন ইভেন্টে ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকে।




## ক্লাব/কমিউনিটি সেন্টারের অনুদান

- সরকারি কর্মচারী দ্বারা গঠিত ও পরিচালিত ক্লাব/কমিউনিটি সেন্টার পরিচালনা, নির্মাণ ও সংস্কার/মেরামতের জন্য ফরম নম্বর ১২ ও ১৩ তে বর্ণিত শর্তপূরণ সাপেক্ষে অনুদান প্রদান করা হয়।

## বিমানবন্দরে কল্যাণ ডেস্ক সেবা

- **সেবার বিবরণ ও প্রাপ্যতা:** কর্মরত ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের জন্য বিদেশ থেকে আগমন ও বহির্গমনের ক্ষেত্রে বিমানবন্দরে প্রটোকল সুবিধা না থাকায় তাঁদের সহযোগিতা প্রদানের লক্ষ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের টার্মিনাল-১ এর ২য় তলায় কল্যাণ ডেস্ক স্থাপনের মাধ্যমে সেবা প্রদান করা হচ্ছে।
- **সেবার মাধ্যম:** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েবসাইট এর "বিমানবন্দরে কল্যাণ ডেস্ক সেবার জন্য আবেদন ফরম" লিংক এর মাধ্যমে অথবা কল্যাণ ডেস্কে রক্ষিত আবেদন ফরম পূরণ করে আবেদন করা যায়।




### গৃহীত উদ্যোগসমূহ:


## দিলকুশায় বোর্ডের নিজস্ব জমিতে ভবন নির্মাণ

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশাস্থ ১৪০.৮৫ শতাংশ/৮৫ কাঠা জমিতে ৪টি বেইজমেন্টসহ ১২তলা বিশিষ্ট **"দিলকুশা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (বিকেকেবি) ভবন"** নির্মাণ শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনের অনুমোদনের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।





## মতিঝিলে বাণিজ্যিক ভবন নির্মাণ

ঢাকা মহানগরীর মতিঝিলে বোর্ডের নিজস্ব ২৪ কাঠা জমিতে ৩টি বেইজমেন্টসহ ১৫তলা বিশিষ্ট **"মতিঝিল বিকেকেবি কল্যাণ ভবন"** শীর্ষক প্রকল্পের জনবল নির্ধারণ এবং ব্যয় প্রাক্কলন অনুমোদনের জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।




## চট্টগ্রামের আগ্রাবাদে কল্যাণ ভবন নির্মাণ

চট্টগ্রামের আগ্রাবাদে ৩.১৮ বিঘা জমিতে ৩টি বেইজমেন্টসহ ২০তলা বিশিষ্ট **"চট্টগ্রাম আগ্রাবাদে বিকেকেবি কল্যাণ ভবণ"** নির্মাণের লক্ষ্যে স্থাপত্য অধিদপ্তর থেকে প্রণীত নকশাজনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেছে। ডিপিপি প্রণয়নের জন্য নকশাটি গণপূর্ত অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।




## খুলনায় কল্যাণ ভবন নির্মাণ

খুলনা সিটি কর্পোরেশনের বয়রা এলাকার জোড়া গেটস্থ বোর্ডের পুরাতন কমিউনিটি সেন্টারের স্থলে ৯৪ শতাংশ ভূমিতে ১২তলা বিশিষ্ট **"খুলনা বিকেকেবি কল্যাণ ভবন"** নির্মাণ শীর্ষক প্রকল্পের স্থাপত্য নকশা জনপ্রশাসন মন্ত্রণালয় হতে নীতিগত অনুমোদন পাওয়া যায়। প্রণীত নকশার ওপর প্রকল্পের সম্ভাব্যতা যাচাই এবং গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে।



## ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

১. মাসিক কল্যাণ অনুদানের সফটওয়্যার ও সোনালী ব্যাংকের সফটওয়্যারের মধ্যে আন্তঃসংযোগ স্থাপন (API Link) এবং realtime রিকনসাইলেশন চালুকরণ
২. Single Sign On (SSO) এর মাধ্যমে সকল সেবা একটি প্ল্যাটফর্মে আনয়ন
৩. অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা/কর্মচারীর জন্য প্রবীণ নিবাস স্থাপন
৪. সরকারি কর্মচারীর বিশেষ চাহিদাসম্পন্ন সন্তানদের জন্য সেবা ও সাহায্য কেন্দ্র বা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন
৫. বান্দরবান জেলায় পর্যটন কেন্দ্র কাম রেস্ট হাউস নির্মাণ
৬. বিভাগীয় কার্যালয়, বরিশালে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টার নির্মাণ
৭. বিভাগীয় কার্যালয়, রাজশাহীতে কল্যাণ ভবন নির্মাণ
৮. বিভাগীয় কার্যালয়, রংপুরে কল্যাণ ভবন নির্মাণ
৯. বিভাগীয় কার্যালয়, সিলেটে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টার নির্মাণ
১০. বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টার নির্মাণ

## হটলাইন

- **বোর্ডের সেবা কার্যক্রম সম্পর্কে সেবাপ্রার্থীগণকে তথ্য প্রদান ও বিভিন্ন সমস্যার দ্রুততম সমাধানের লক্ষ্যে হটলাইন-১৬১০৯ চালু করা হয়েছে**
- **ফোন নম্বর: ০৯৬৩৯-৬৬৬৩৩৩ (অফিস চলাকালীন)**